

**সোনালী ব্যাংক লিমিটেড**  
**প্রধান কার্যালয়, ঢাকা**  
**হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন**

জাতীয় শুকাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নেতৃত্বকতা  
কমিটি'র জানুয়ারি-মার্চ, ২০২০ ত্রৈমাসিক সভার (২০১৯-২০২০ অর্থ বছরের ৩য় সভা) কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ  
নেতৃত্বকতা কমিটির আস্থায়ক  
তারিখ : ১৫ জুন, ২০২০ রোজ সোমবার  
স্থান : মিনি কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা  
উপস্থিতি : সংলগ্ন-'ক'

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুকাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নেতৃত্বকতা কমিটির  
জানুয়ারি-মার্চ, ২০২০ ত্রৈমাসিকের সভা (২০১৯-২০২০ অর্থ বছরের ৩য় সভা) কোডিড-১৯ এর প্রাদুর্ভাবজনিত পরিস্থিতির  
কারণে সরকার ঘোষিত সাধারণ ছুটি শেষ হওয়ার পরে ১৫ জুন, ২০২০ তারিখে প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুমে  
অনুষ্ঠিত হয়। সভার সভাপতি মহোদয় ও কয়েকজন সদস্য Video Conferencing এর মাধ্যমে সভায় যোগদান করেন।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় এ ব্যাংকের জাতীয় শুকাচার কৌশল কর্ম-  
পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয়  
এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১) সোনালী ব্যাংক স্টাফ কলেজ ও ট্রেনিং ইনসিটিউটসমূহে জানুয়ারি-মার্চ, ২০২০ ত্রৈমাসিকে কর্মকর্তা/কর্মচারীদের  
সুশাসন/শুকাচার সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। বাংলাদেশ ব্যাংক  
ও অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে শুকাচার বিষয়ে প্রেরিতব্য ত্রৈমাসিক প্রতিবেদনে এইসকল বিষয়াদি  
প্রমাণকসহ প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।  
সভায় অবহিত করা হয় যে, কোডিড-১৯ এর কারণে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে অনুষ্ঠিতব্য  
কোর্স/কর্মশালাসমূহ স্থগিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে। ফলে ১৮ মার্চ, ২০২০ থেকে অনুমোদিত  
বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার-২০২০ অনুসরণ করা সম্ভব হচ্ছে না বিধায় পরিবর্তিত পরিস্থিতিতে  
শুকাচার/সুশাসন বিষয়কসহ অন্যান্য প্রশিক্ষণের বিষয়ে ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন, ২০২০) এর জন্য  
লক্ষ্যমাত্রা পুনর্নির্ধারণ করার নির্দেশনা প্রদান করা হয়।
- ২) শুকাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত “ছড়ায় ছড়ায় শুকাচার”  
শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। জানুয়ারি-মার্চ, ২০২০  
ত্রৈমাসিকের জন্য ৩০ মার্চ, ২০২০ তারিখে দৈনিক ইতেফাক পত্রিকায় উল্লিখিত বই হতে ৩২নং ছড়া বিজ্ঞাপন  
আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।
- ৩) করোনাভাইরাসের প্রকোপের প্রেক্ষিতে সভায় উল্লেখ করা হয় যে, সকলকে স্বাস্থ্যবিধি মেনে ব্যক্তিগত সুরক্ষার  
ব্যাপারে সচেতন থাকতে হবে। করোনাভাইরাস যেহেতু নাক, মুখ ও চোখ দিয়ে আমাদের শরীরে প্রবেশ করে, তাই  
এর ঢোকার পথগুলোকে সুরক্ষিত করা গেলেই এই ভাইরাস থেকে মুক্ত থাকা সম্ভব। আর শরীরের এই অঙ্গগুলোতে  
নিজের জানা বা অজানাতেই স্পর্শ করা হয় হাত দিয়ে। তাই ঘন ঘন হাত ধূতে হবে বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার  
করতে হবে। যেখানে—সেখানে হাত দেওয়া থেকে বিরত থাকতে হবে। কর্মক্ষেত্রে পাপোশে জীবাণুনাশক ব্যবহার করা যেতে পারে। জরুরি  
প্রয়োজনে বাইরে গেলে সুরক্ষাসামগ্রী ব্যবহার করতে হবে। বেশি সংক্রমিত এলাকায় (রেড জোন) বাস করা কর্মকর্তা-  
কর্মচারীদের পিপিই (PPE) বা ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (মুখে পরার মাস্ক, চোখ ঢাকার জন্য মুখের সঙ্গে লেগে থাকে এমন চশমা,  
ফেস শিল্ড, গ্লাভস এবং গাউন) পরিধান করা যেতে পারে। সামাজিক দূরত্ব নিশ্চিত করাসহ সর্বোপরি সাধারণ স্বাস্থ্যবিধি  
মেনে চলতে হবে।

৩.০০: পরিশেষে সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও  
সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ এবনুজ জাহান)

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর

ও সদস্য, নেতৃত্বকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড

(hrdd- Marouf )\_\_ (m) কার্যবিবরণী - NIS FY 2019-20 Meeting Minutes \_ 3rd